



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০২২ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩০ অক্টোবর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০২২। ৩০ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলুন ও ফেট্বন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, আন্তঃবিভাগ টুর্নামেন্টের উদ্দেশ্য হচ্ছে বিভাগগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়ন এবং হৃদয়তা সৃষ্টি করা। পারস্পরিক সৌহার্দ্যতা বজায় রেখে খেলাধুলায় অংশগ্রহণ করবে। খেলাধুলায় প্রতিযোগিতা থাকবে তবে সে প্রতিযোগিতা হবে সৌহার্দ্যপূর্ণ ও ভ্রাতৃত্বসুলভ। জয় পরাজয় মেনে নিয়ে একে অপরের পাশে থাকতে শিক্ষার্থীদের প্রতি আহবান জানান উপাচার্য মহোদয়। এসময় খেলাধুলাসহ অন্যান্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন উপাচার্য মহোদয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূইয়া। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক রিফাত মাহমুদের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তর প্রধানসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা। আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০২২ এ এই প্রথমবারের মত ২৪টি বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। উদ্বোধনী পর্বে ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ এবং ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। আগামী ৬ নভেম্বর ২০২২ তারিখ দুপুর ১২ টায় টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়